



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

প্রধান কার্যালয়

ঢাকা।



বিজ্ঞপ্তি নং-৪১/২০২১

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৮
১৪ জুন, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকের আইন বিভাগে ০৩(তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক লিগ্যাল রিটেইনার নিয়োগের নিমিত্তে বাংলাদেশি আইনজীবীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদের কার্যপরিধি (TOR) ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপঃ

- ০১) শিক্ষাগত যোগ্যতা : প্রাথমিক আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে। এছাড়া, তাকে বাংলাদেশ বার কাউন্সিল এর সনদধারী হতে হবে।
- ০২) অভিজ্ঞতা : সূপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ১৫(পনের) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- ০৩) মাসিক সম্মানী : সর্বসাকুল্যে ৮৫০,০০০.০০ (টাকা পঞ্চাশ হাজার মাত্র)। উক্ত অর্থের উপর প্রযোজ্য হারে ড্যাট ব্যাংক কর্তৃক বহন করা হবে। তবে সরকারি নিয়মানুযায়ী প্রযোজ্য হারে আয়কর কর্তন করা হবে। চুক্তিভিত্তিক নিয়োগকালীন সময়ে কোনরূপ বর্ধিত বেতন, ভাতা, আগাম, ইনক্রিমেন্ট, বোনাস বা পদোন্নতি প্রদান করা হবে না।
- ০৪) চুক্তির মেয়াদ : ০৩ (তিন) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য।
- ০৫) কার্যপরিধি (TOR): : ক) বিভিন্ন বিভাগ/অফিসের চাহিদার প্রেক্ষিতে বা রুটিন বিষয়ে আইনগত মতামত/পরামর্শ প্রদান।
খ) যে কোন আইন প্রণয়নে মতামত প্রদানের পূর্বে বা গাইডলাইন ও সার্কুলার প্রণয়নের পূর্বে Vetting করণ।
গ) ব্যাংকের বিভিন্ন রেগুলেটরি বিভাগ কর্তৃক জারিতব্য নীতিমালা, নির্দেশনা প্রভৃতির আইনগত দিক বিশ্লেষণ ও মতামত প্রদান।
ঘ) ব্যাংকের বিপক্ষে দায়েরকৃত মামলায় রুল নিশি ও আরজি বিশ্লেষণ করে প্রয়োজনীয় মতামত প্রদান।
ঙ) ব্যাংকের পক্ষে প্রেরিতব্য উকিল নোটিশ, ব্যাংক কর্তৃক প্রাপ্ত উকিল নোটিশের জবাব প্রস্তুতকরণ।
চ) প্রয়োজনে ব্যাংকের পক্ষে আইনজীবী হিসেবে মামলায় প্রতিদ্বন্দ্বিতা করা। তবে, সেক্ষেত্রে তিনি প্যানেল আইনজীবীদের জন্য নির্ধারিত হারে ফি প্রাপ্য হবেন।
ছ) বাংলাদেশ ব্যাংকের অভ্যন্তরে অথবা সরকারি/বেসরকারি দপ্তরে অনুষ্ঠিত কোন সভায় অংশগ্রহণ এবং আইন বিষয়ে প্রয়োজনীয় মতামত প্রদান।
জ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে আইনি যে কোন কার্যক্রম গ্রহণ।
- ০৬) অন্যান্য শর্তাবলী : ক) বাংলাদেশ ব্যাংকের বিপক্ষে/বিরুদ্ধে কোন মামলা গ্রহণ ও পরিচালনা করতে পারবেন না।
খ) সপ্তাহে ০৩(তিন) কর্মদিবসে একটি নির্দিষ্ট সময়ে ন্যূনতম ০৩(তিন) ঘণ্টা সময়ের জন্য বাংলাদেশ ব্যাংকের আইন বিভাগে অবস্থান করতে হবে।
- ০৭) প্রার্থীদেরকে ব্যাংক কর্তৃক মনোনীত নির্বাচনী কমিটির নিকট সাক্ষাৎকারে অবতীর্ণ হতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এই ঠিকানায় সরাসরি বা ডাকযোগে অথবা gm.hrd@bb.org.bd বরাবর ই-মেইল যোগে আগামী ১৩/০৭/২০২১ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে সত্যায়িত ০৩(তিন) কপি ছবি, সকল শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ডের সত্যায়িত অনুলিপি প্রেরণ করতে হবে।

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

ডিসিপি : ৪৮/২০২১-১৮৯২
তারিখ : ১৬/০৬/২০২১

স্বাক্ষরিত /-
(কাজী আকতারুল ইসলাম)
মহাব্যবস্থাপক

“মুজিববর্ষের অঙ্গীকার
দেশী পণ্যের ব্যবহার”